

## ■■ আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ১২২৬

ঘুমানোর আদব-কায়দা

পরিচ্ছেদঃ ৫৭৭- শোয়ার সময় পঠিত দোয়ার ফ্যীলাত।

بَابُ فَضْلِ الدُّعَاءِ عِنْدَ النَّوْم

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُتَنَّى، قَالَ: حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيِّ، عَنْ حَجَّاجٍ الصَّوَّافِ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرٍ قَالَ: إِذَا دَخَلَ الرَّجُلُ بَيْتَهُ أَقْ أَوَى إِلَى فِرَاشِهِ ابْتَدَرَهُ مَلَكٌ وَشَيْطَانٌ، فَقَالَ الْمَلَكُ: اخْتِمْ بِخَيْرٍ، وَقَالَ الشَّيْطَانُ: اخْتِمْ بِشِرٍّ، فَإِنْ حَمِدَ اللَّهَ وَذَكَرَهُ أَطْرَدَهُ، فَقَالَ الْمَلَكُ: اخْتِمْ بِغَيْرٍ، وَقَالَ الشَّيْطَانُ: اخْتِمْ بِشِرٍّ، فَإِنْ حَمِدَ اللَّهَ وَذَكَرَهُ أَطْرَدَهُ، وَبَاتَ يَكْلُوفُهُ، فَإِذَا اسْتَيْقَظَ ابْتَدَرَهُ مَلَكٌ وَشَيْطَانٌ فَقَالاً مِثْلُهُ، فَإِنْ ذَكَرَ اللَّهَ وَقَالَ: الْحَمْدُ لِلَّهِ الَّذِي رَدَّ إِلَيَّ نَفْسِي بَعْدَ مَوْتِهَا وَلَمْ يُمِتْهَا فِي مَنَامِهَا، الْحَمْدُ لِلَّهِ الَّذِي (يُمْسِكُ لللهِ اللَّذِي (يُمْسِكُ السَّمَوَاتِ وَالأَرْضَ إِلَّا بِإِنْفِهِ إِنَّهُ كَانَ حَلِيمًا السَّمَوَاتِ وَالأَرْضَ أَنْ تَذُولاَ، وَلَئِنْ زَالَتَا إِنْ أَمْسَكَهُمَا مِنْ أَحَدِ مِنْ بَعْدِهِ إِنَّهُ كَانَ حَلِيمًا لَلسَّمَوَاتِ وَالأَرْضَ إِلَّا بِإِنْفِهِ إِلَّهُ كَانَ حَلِيمًا وَحَمْدُ لِلَّهِ الَّذِي (يُمُسِكُ السَّمَاءَ أَنْ تَقَعَ عَلَى الأَرْضِ إِلاَّ بِإِنْفِهِ) إِلَى (لَرَءُوفٌ رَاء)، الْحَمْدُ لِلَّهِ الَّذِي (يُمُسِكُ السَّمَاءَ أَنْ تَقَعَ عَلَى الأَرْضِ إِلاَّ بِإِنْفِهِ) إِلَى (لَرَءُوفٌ رَحِيمٌ)، فَإِنْ مَاتَ مَاتَ شَهِيدًا، وَإِنْ قَامَ فَصَلَلَى صَلَّى فِي فَضَائِلَ.

## বাংলা

১২২৬। জাবের (রাঃ) বলেন, কোন ব্যক্তি যখন তার ঘরে প্রবেশ করে অথবা তার বিছানায় আশ্রয় নেয় তখন একজন ফেরেশতা ও একটি শয়তান তার দিকে ধাবিত হয়। ফেরেশতা বলেন, কল্যাণের সাথে (তোমার দিনটি) শেষ করো, আর শয়তান বলে, অনিষ্ট সহকারে শেষ করো। অতএব সে যদি আল্লাহর প্রশংসা করে, তার যিকির করে তাহলে সে শয়তানকে বিতাড়িত করলো এবং রাতটি (আল্লাহর) হেফাজতে কাটালো। অনুরূপভাবে সে ঘুম থেকে জাগ্রত হলে একজন ফেরেশতা ও একটি শয়তান তার দিকে ধাবিত হয় এবং তারা পূর্বানুরূপ কথা বলে। সে যদি আল্লাহকে স্মরণ করে এবং বলে, সমস্ত প্রশংসা আল্লাহর যিনি আমার মৃত্যুর পর আমার জীবনটা আমার নিকট ফিরিয়ে দিয়েছেন এবং ঘুমের মধ্যে মৃত্যুদান করেননি।

সমস্ত প্রশংসা আল্লাহর, "যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীকে স্থানচ্যুত হওয়া থেকে রুখে রেখেছেন। যদি এই দুটি স্থানচ্যুত হয় তবে তিনি ছাড়া কেউই এদের প্রতিরোধ করে রাখতে পারবে না। নিশ্চয় তিনি পরম সহিষ্ণু, পরম ক্ষমাশীল" (সূরা ফাতিরঃ ৪১)। সমস্ত প্রশংসা আল্লাহর, "যিনি আসমানকে প্রতিরোধ করে রেখেছেন যাতে তা তার অনুমতি ব্যতীত পৃথিবীর উপর পতিত হতে না পারে। নিশ্চয় আল্লাহ মানুষের প্রতি অতীব মমতাশীল, পরম



দয়াময়" (সূরা হজ্জঃ ৬৫)। সে মারা গেলে শহিদী মৃত্যুবরণ করলো, অন্যথা উঠে নামায পড়লে মর্যাদাপূর্ণ নামায পড়লো। (নাসাঈ, ইবনে হিব্বান)

## **English**

Jabir said:

"When a man enters his house or goes to bed, an angel and shaytan hasten to him. The angel says, 'Seal it with good!' The Shaytan says, 'Seal it with evil.' If he praises Allah and remembers Him, he chases the shaytan away and spends the night with him guarding him. When he wakes up, the angel and shaytan hasten to him and say the same thing. If he mentions Allah and says, 'Praise be to Allah, who keeps firm hold of the heavens and earth, preventing them from vanishing away. And if they vanished no one could then keep hold of them. Certainly He is Most Forbearing, Ever-Forgiving.' (35:41) Praise be to Allah who holds back the sky preventing it from falling on the earth, except by His permission. Allah is All-Compassionate to mankind, Most Merciful.' (22:63) If he dies, he dies a martyr, If he gets up and prays, he prays in virtue.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন